

# এসএসসি শুরু আজ, পরীক্ষায় বসছে ২০ লাখের বেশি শিক্ষার্থী

নিজস্ব  
প্রতিবেদক

১৫ ফেব্রুয়ারি,  
২০২৪ ০৩:০৩

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

সারা দেশে আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমান পরীক্ষা। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসএসসির প্রথম দিনে বাংলা প্রথম পত্র বা সহজ বাংলা প্রথম পত্র বিষয়ে পরীক্ষা দেবে

শিক্ষার্থীরা।

বুধবার (১৪ ফেব্রুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, এসএসসি-২০২৪ ও সমমান পরীক্ষা নিয়ে  
সংবাদ সম্মেলন করবেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

আজ সকাল ১১টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।

কভিড মহামারির পর এ বছর আগের ধারাবাহিকতা অনুযায়ী ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত হচ্ছে এসএসসি পরীক্ষা। এ  
ছাড়া পূর্ণ নম্বর, পূর্ণ সময় ও পূর্ণ সিলেবাসে পরীক্ষার আয়োজন করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় থেকে জানা গেছে, চলতি বছর এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নেবে ২০ লাখ ২৪ হাজার ১৯৪  
জন পরীক্ষার্থী।

সারা দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা এস.এস.সি পরীক্ষায় অংশ নিচ্ছে। দেশজুড়ে তিন হাজার ৭০০টি কেন্দ্র পরীক্ষার আয়োজন করা হয়েছে।

এ ছাড়া বিদেশে আটটি পরীক্ষার কেন্দ্র রাখা হয়েছে। এগুলো হলো জেন্দা, রিয়াদ, ত্রিপোলি, দোহা, আবুধাবি, দুবাই, বাহরাইন ও ওমান।